মডেল প্রশ্ন-০৬

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান : ১০০

# বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

**১** সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১. পাকিস্তানি বাহিনী কোথায় আত্মসমর্পণ করেছিল?
ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ে
খ. রেসকোর্স ময়দানে
গ. ঢাকা মেডিকেল কলেজে
ঘ. শহিদ মিনার চত্বরে

২. মুক্তিযুদ্ধ পরিচালনার সুবিদার জন্য বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছে?
ক. ৮টি খ. ৯টি গ. ১০টি ঘ. ১১টি

৩. সিলেট জেলা কোন সেক্টরে ছিল?
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭

৪. মুক্তিযুদ্ধে সাহসিকতা ও ত্যাগের জন্য দেয়া তৃতীয় বীরত্বসূচক পুরস্কার কোনটি?
ক. বীরপ্রতীক খ. বীরউত্তম
গ. বীরশ্রেষ্ঠ ঘ. বীরবিক্রম

৫. নবাব সিরাজউদ্দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন?
ক. ২২ খ. ২৩ গ. ২৪ ঘ. ২৫

৬. "ছিয়াত্তরের মন্বন্তর" বাংলার কত সালে হয়েছিল?
ক. ১৩৭৬ খ. ১২৭৬ গ. ১১৭৬ ঘ. ১০৭৬

৭. নারিকেলবাড়িয়ার কে বাঁশের কেল্লা নির্মাণ করেন?
ক. আব্দুল লতিফ খ. তিতুমীর
গ. হাজী শরীয়তউল্লাহ
ঘ. রাজা রামমোহন রায়

৮. বাংলাদেশের প্রাচীনতম স্থান কোনটি?
ক. সোনারগাঁ খ. জাহাঙ্গীরনগর
গ. পুন্ড্রনগর ঘ. ময়নামতি

৯. ময়নামতি কোন জেলায় অবস্থিত?
ক. কুমিল্লা খ. চট্টগ্রাম
গ. সিলেট ঘ. ঢাকা

১০. লোকশিল্প যাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?
ক. ১৯৭২ খ. ১৯৭৩ গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫

১১. বাংলাদেশের শতকরা কত ভাগ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল?
ক. ৬৫ খ. ৭০ গ. ৭৫ ঘ. ৮০

১২. পৃথিবীতে সবচেয়ে বেশি পরিমাণ পাট উৎপাদন হয় কোন দেশে?
ক. ভারতে খ. চীনে
গ. বাংলাদেশে ঘ. নেপালে

১৩. কোনটি রপ্তানি করে প্রতি বছর বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে?
ক. চা খ. তামাক গ. চিনি ঘ. পোশাক

১৪. বাংলাদেশে প্রতি বছর প্রায় কত টন খাদ্য ঘাটতি হয়?
ক. ২০ লাখ খ. ২৫ লাখ
গ. ৩০ লাখ ঘ. ৩৫ লাখ

১৫. দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি?
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি

১৬. কোনটি জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার অন্যতম উপায় নয়?
ক. শিক্ষা খ. প্রশিক্ষণ
গ. চিত্তবিনোদন ঘ. মানবসম্পদ রপ্তানি

১৭. কত সালের মধ্যে বাংলাদেশের প্রায় ২০ শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে?
ক. ২০২০ খ. ২০৪০
গ. ২০৩০ ঘ. ২০৫০

১৮. প্রতি বছর কত হেক্টর জমি নদীভাঙনের শিকার হয়?
ক. ৭০০০ খ. ৮০০০
গ. ৯০০০ ঘ. ১০০০০

১৯. সাধারণত কত বছরের বেশি সময়ের আবহাওয়ার গড়কেই জলবায়ু বলে?
ক. ২০ খ. ২৫ গ. ৩০ ঘ. ৩৫

২০. "মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র" কত সালে অনুমোদন করেছে?
ক. ১৯৪৫ খ. ১৯৪৬ গ. ১৯৪৭ ঘ. ১৯৪৮

২১. কোনটি মানবাধিকারের লঙ্ঘন?
ক. নিরাপত্তা প্রদান
খ. ধর্ম পালনের সুযোগ
গ. সবার সমান অধিকার
ঘ. শিক্ষার সুযোগ না দেওয়া

২২. মানবাধিকার বাস্তবায়নের দায়িত্ব কার?
ক. পরিবার ও রাষ্ট্র
খ. পরিবার ও সমাজ
গ. রাষ্ট্র ও সমাজ
ঘ. পরিবার, সমাজ ও রাষ্ট্র

২৩. বাংলাদেশের নাগরিকগণ কত বছর বয়স হলে ভোট দিতে পারে?
ক. ১৮ খ. ১৯ গ. ২০ ঘ. ২২

২৪. দেশের উন্নয়নে কী ধরনের নাগরিক প্রয়োজন?
ক. শিক্ষিত খ. নিরক্ষর
গ. ব্যবসায়ী ঘ. রাজনৈতিক নেতা

২৫. দেশের সুশাসন প্রতিষ্ঠায় কী ধরনের লোককে ভোট দেওয়া উচিত?
ক. সৎ ও যোগ্য ব্যক্তি
খ. ধনী ও নামকরা ব্যক্তি
গ. নিজ দলের লোক
ঘ. প্রভাবশালী ব্যক্তি

২৬. অটিস্টিক বন্ধুরা কেমন আচরণ করে?
ক. সকলের সাথে খেলাধুলা করে
খ. সকলের সাথে বন্ধুত্ব করে
গ. চুপচাপ নিজেকে নিয়ে মগ্ন থাকে
ঘ. সকলের সাথে মিলেমিশে থাকে

২৭. অটিস্টিক বন্ধুদের বৈশিষ্ট্য কোনটি?
ক. অনেক সময় স্বাভাবিক শব্দ শুনেই উত্তেজিত হয়
খ. সব বন্ধুর সাথে ভালো আচরণ করে
গ. সবার কথা শুনতে পছন্দ করে
ঘ. নিজের জিনিসপত্র গুছিয়ে রাখে

২৮. গণতান্ত্রিক পদ্ধতিতে কিসের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়?
ক. একজনের মত খ. দলনেতার মত
গ. ২/৩ জনের মত ঘ. অধিকাংশের মত

২৯. গণতন্ত্রের অর্থ কী?
ক. পরিবারের শাসন
খ. ব্যক্তির শাসন
গ. রাজনৈতিক দলের শাসন
ঘ. জনগণের শাসন

৩০. আমাদের কোথায় গণতান্ত্রিক রীতিনীতি চর্চা করা উচিত?
ক. বাড়িতে খ. বিদ্যালয়ে
গ. শ্রেণিকক্ষে ঘ. সকল ক্ষেত্রে

৩১. বেগম রোকেয়া কত সালে মৃত্যুবরণ করেন?
ক. ১৯৩০ খ. ১৯৩১
গ. ১৯৩২ ঘ. ১৯৩৩

৩২. 'সাখাওয়াত মেমোরিয়াল' গার্লস স্কুলের শুরুতে কত জন ছাত্রী ছিল?
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট

৩৩. একটি দেশের উন্নয়নের মূলে কী রয়েছে?
ক. সরকার খ. পরিবেশ
গ. মানুষ ঘ. ভৌগোলিক অবস্থা

৩৪. কোন সাল থেকে নারী দিবস পালন করা হয়?
ক. ১৯১০ খ. ১৯২০
গ. ১৯৩০ ঘ. ১৯৪০

৩৫. নিচের কোন ক্ষুদ্র জাতিসত্তা 'আচিকমান্দি' নামে পরিচিত?
ক. ম্রো খ. গারো গ. ত্রিপুরা ঘ. ওঁরাও

৩৬. ম্রো সমাজের মানুষ প্রধানত কোন ধর্মাবলম্বী?
ক. খ্রিষ্ট খ. সনাতন
গ. সংসারেক ঘ. বৌদ্ধ

৩৭. কোনটি 'বৈসু' উৎসবের আকর্ষণীয় অনুষ্ঠান?
ক. গরায় নৃত্য খ. ফাওয়া
গ. ওয়াংগালা ঘ. কের

৩৮. বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা কত?
ক. ১৯১ খ. ১৯২ গ. ১৯৩ ঘ. ১৯৪

৩৯. ইউনিসেফ এর সদরদপ্তর কোথায় অবস্থিত?
ক. প্যারিসে খ. জেনেভায়
গ. লন্ডনে ঘ. নিউইয়র্কে

৪০. সার্কের সর্বশেষ সদস্য রাষ্ট্রের নাম কী?
ক. চীন খ. মালদ্বীপ
গ. শ্রীলংকা ঘ. আফগানিস্তান

**২** শূন্যস্থানের প্রযোজ্য শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী ছিলেন ---।
খ. আধুনিক শিক্ষা ও নবজাগরণের ফলে ------ চেতনার বিকাশ ঘটে।
গ. লালবাগ দুর্গের চারদিকে ------ তৈরি উঁচু প্রাচীর রয়েছে।
ঘ. পাট বাংলাদেশের প্রধান ------ কৃষি দ্রব্য।
ঙ. মাটির লবণাক্ততা বেড়ে কৃষিজমির ------ করছে।
চ. সব মানুষের নিজ নিজ ------ পালনের অধিকার আছে।
ছ. আইন ভাঙলে সমাজে ------ দেখা দিবে।
জ. অটিস্টিক শিশুদের আদর করতে গেলে ----- যায়।
ঝ. গণতন্ত্র আমাদের ---- পরিচালনার মূলনীতি।
ঞ. প্রাথমিক বিদ্যালয়ে শতকরা ------ ভাগ নারী শিক্ষক নিয়োগ করা হচ্ছে।

**৩** নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১×১০=১০

ক. বাংলাদেশ কখন জাতিসংঘের সদস্য পদ লাভ করে?
খ. মুজিব নগর সরকারের প্রধানমন্ত্রির নাম কী?
গ. নবাব সিরাজউদ্দৌলার সেনাপতির নাম কী?
ঘ. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ঙ. বাংলাদেশের অর্থনীতিতে মোট জাতীয় আয়ে শিল্পের অবদান কত?
চ. জনসম্পদ কী?
ছ. জলবায়ু বলতে কী বোঝ?
জ. মানবাধিকার কাকে বলে?
ঝ. কোন শিশুদের অটিস্টিক শিশু বলে?
ঞ. গণতান্ত্রিক মনোভাব কাকে বলে?

TeachingBD.com

**৪** ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাও : ৫×৮=৪০

ক. "বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।" উক্তিটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে।

খ. পাঁচটি বাক্যে ওঁরাওদের সমাজব্যবস্থার বর্ণনা দাও।

গ. জাতিসংঘের উদ্দেশ্য কী ? পাঁচটি বাক্যে লেখ :

ঘ. আমাদের মুক্তিযুদ্ধে মুজিবনগর সরকারের গুরুত্ব বর্ণনা কর।

ঙ. বাংলার শিক্ষা ও অর্থনীতিতে বৃটিশ শাসনের প্রভাব কী ছিল?

চ. লালবাগ দুর্গের নিদর্শনগুলোর বর্ণনা দাও।

ছ. বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান বর্ণনা কর।

জ. খাদ্যের ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব বর্ণনা কর।

ঝ. জলবায়ু পরিবর্তনে কী কী ক্ষতি হয়?

ঞ. মানবাধিকার রক্ষায় আমাদের কী করা উচিত?

# উত্তরমালা

১.

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ |
| ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | গ |
| ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক |
| ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ক |
| ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

২. (ক) তাজউদ্দীন আহমদ; (খ) জাতীয়তাবাদী; (গ) ইটের; (ঘ) অর্থকরী; (ঙ) ক্ষতি; (চ) ধর্ম; (ছ) বিশৃঙ্খলা; (জ) রেগে; (ঝ) রাষ্ট্র; (ঞ) ৬০।

Teachingbd.com
http://teachingbd.com